

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৩৬

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ মোজার উপর মাসেহ করার বৈধতা যখন তা জুতার সাথে থাকে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ الْمَسْحَ عَلَى الْجَوْرَبَيْنِ إِذَا كَانَا مَعَ النَّعْلَيْنِ

## আরবী

1336 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ حَدَّثَنَا عَلَى بْنُ عَطَاءٍ عَنْ أَوْسِ بْنِ أَبِي أَوْسٍ قَالَ: رَأَيْتُ أَبِي تَوَضَّاً فَمَسَحَ عَلَى نَعْلَيْهِ فَأَنْكَرْتُ ذَلِكَ عَلَيْهِ فَقُلْتُ: أَتَمْسَحُ عَلَى النَّعْلَيْنِ؟ فَقَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمسح عليهما.

الراوي: أوْس بْن أَبِي أَوْسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1336 اخلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৩৩৬. আওস বিন আবী আওস থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আমার বাবাকে দেখেছি, তিনি ওযূ করেছেন অতঃপর তার চামড়ার জুতার উপর মাসেহ করেছেন। আমি তার বিষয়টি ইনকার করে বললাম, "আপনি চামড়ার জুতার উপর মাসেহ করছেন?" জবাবে বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, তিনি চামড়ার জুতার উপর মাসেহ করেছেন।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৯; তাবারানী আল কাবীর: ৬৫০; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৯৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৯০; আত তায়ালিসী: ১/৫৬; সুনান বাইহাকী: ১/২৮৭; আবূ দাউদ: ১৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৫০।)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আওস ইবনু আওস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন